# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 01-03-2025** **Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শাসক দল সমর্থিত কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ওয়েবকুপার সম্মেলনে যোগ দিতে এসে রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু আজ তীব্র বিক্ষোভের মুখে পড়েন। বামপন্থী কয়েকজন ছাত্র আহত হয়েছেন বলে এস এফ আই অভিযোগ।

ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে ছাত্র বিক্ষোভের জেরে উত্তপ্ত যাদবপুর বিশ্ববিদ্যালয় চত্বর।

২) বাংলার বাড়ি প্রকল্পের আওতায় চলতি আর্থিক বছরে গৃহ নির্মাণ লক্ষ্যমাত্রা যথাযথভাবে পূরণ করতে জেলাগুলিকে কড়া নির্দেশ দিয়েছে রাজ্য সরকার ।

৩) দলীয় নেত্রীর নির্দেশের পরই রাজ্যের বিভিন্ন প্রান্তে ভুয়ো ভোটার চিহ্নিত করতে নেমেছেন তৃণমূল কংগ্রেস নেতা-কর্মীরা। কড়া সমালোচনা বিরোধীদের।

৪) রোজভ্যালী চিটফান্ড মামলায় এপর্যন্ত প্রায় ২২ কোটি টাকা আমনকারীদের ফেরত দেওয়া হয়েছে বলে ইডি জানিয়েছে।

৫) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের ১৯০-তম জন্মতিথি উদযাপিত হচ্ছে।

৬) আই এস এল ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট এবং মুম্বাই সিটি এফ সি-র মধ্যে খেলা ২-২ গোলে শেষ হয়েছে।

oooooooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শাসক দল সমর্থিত কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ওয়েবকুপার সম্মেলনে যোগ দিতে এসে আজ তীব্র বিক্ষোভের মুখে পড়েন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।

ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে ছাত্র বিক্ষোভের জেরে আজ সকাল থেকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে তুমুল উত্তেজনা ছিল। 'ওয়েবকুপা'-র সভার আগে অশান্ত হয়ে ওঠে বিশ্ববিদ্যালয় চত্বর। দ্রুত নির্বাচনের দাবিতে বাম ছাত্র সংগঠনগুলি বিক্ষোভ দেখাতে থাকে। মানববন্ধন করে স্লোগান দেয় তারা। পাল্টা মানববন্ধন তৈরি করেন তৃণমূল ছাত্র পরিষদ (টিএমসিপি)-এর সদস্যেরা। এক সময় ওয়েবকুপার সদস্যদের সঙ্গেও ধস্তাধস্তিতে জড়িয়ে পড়ে বাম ছাত্র সমর্থকরা।

ইতিমধ্যে সভা চলাকালীন সেখানে উপস্থিত হন শিক্ষামন্ত্রী। আন্দোলনরত পড়ুয়াদের বিক্ষোভের মুখে পড়েন তিনি। দেওয়া হয় 'গো ব্যাক স্লোগান'। গাড়ি থেকে নেমে পড়ুয়াদের সঙ্গে কথা বলার চেষ্টা করেন শিক্ষামন্ত্রী। তাঁর গাড়ি সহ বেশ কয়েকটি গাড়ির কাঁচ ভেঙে দেওয়া হয়েছে বলে অভিযোগ। শিক্ষামন্ত্রী সহ কয়েকজন ধস্তাধস্তির জেরে আহত হয়েছেন। ব্রাত্য বসুর কোমরে এবং হাতে চোট লেগেছে বলে সূত্রের খবর। যাদবপুরের অধ্যাপক তথা ওয়েবকুপার সদস্য ওম প্রকাশ মিশ্রকে তাড়া করেন বাম এবং অতি বাম সংগঠনের কয়েকজন পড়ুয়া। পরে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তারক্ষীরা তাঁকে সরিয়ে নিয়ে যান।

তৃণমূল কংগ্রেস সমর্থিত শিক্ষাকর্মীদের একটি কার্যালয়েও ব্যাপক ভাঙচুর চালানো হয়েছে।

বামেরা শিক্ষা প্রতিষ্ঠানে নৈরাজ্য সৃষ্টির চেষ্টা চালাচ্ছে বলে অভিযোগ করেছেন শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু। যে ভাবে অধ্যাপক সংগঠনের অনুষ্ঠানে হামলা চালানো হয়েছে তা পরিকল্পিত বলে তিনি অভিযোগ করেন।

(বাইট – ব্রাত্য)

পরিকল্পনা করে শিক্ষা মন্ত্রীর উপর প্রাণঘাতী হামলা হয়েছে বলে তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ মন্তব্য করেছেন। আজ ঘটনার পরে হাসপাতালে যান কুনাল। সাংবাদিকদের কাছে তিনি বলেন-

(বাইট – কুনাল)

এদিকে ঘটনার পর যাদবপুর এইট-বি বাসস্ট্যান্ড লাগোয়া রাস্তা অবরোধ করে বাম ছাত্র সংগঠনের সদস্যরা। এস এফ আই এক বিবৃতিতে জানিয়েছে, বাম ছাত্র-ছাত্রীরা শিক্ষামন্ত্রীর কাছে ডেপুটেশন জমা দিতে গেলে শাসক দলের দুষ্কৃতিরা তাদের ওপর হামলা চালায়। গুরুতরভাবে কয়েকজন ছাত্র আহত হয়েছেন। তাদের কেপিসি হাসপাতালে ভর্তি করা হয়েছে। এর প্রতিবাদে আগামী সোমবার ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে এস এফ আই।

সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে গনতান্ত্রিক পরিস্থিতি নেই কেন সেই প্রশ্ন তুলেছেন।

(বাইট - সেলিম)

অধ্যাপকদের সংগঠন জুটা আজকের ঘটনার তীব্র নিন্দা করেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকেও ইতিবাচক পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়েছে তারা।

এদিকে, বামপন্থী ছাত্র-ছাত্রীরা শিক্ষামন্ত্রী সহ অধ্যাপক-অধ্যাপিকাদের আক্রমণ করেছে বলে ওয়েবকুপা দাবি করেছে। সংগঠনের রাজ্য সহ সভাপতি অধ্যাপক সেলিম মন্ডল আকাশবাণীকে জানিয়েছেন, আক্রমণকারী ছাত্র-ছাত্রীদের বিরুদ্ধে যাদবপুর থানায় এফ আই আর দায়ের করা হয়েছে।

ব্রাত্য বসুর হেনস্থার প্রতিবাদে আজ যাদবপুরের সুকান্ত সেতু থেকে প্রতিবাদ মিছিল বের করেছে শাসক দল। উপস্থিত আছেন মন্ত্রী অরূপ বিশ্বাস সহ শীর্ষ নেতৃবৃন্দ।

এস ইউ সি আই কমিউমিষ্ট যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আজকের ঘটনার তীব্র নিন্দা করেছে। আজ এক বিবৃতিতে দলের রাজ্য সম্পাদক চন্ডিদাস ভট্টাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ে অবাঞ্ছিত ঘটনা কাম্য নয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলার বাড়ি প্রকল্পের আওতায় চলতি আর্থিক বছরের গৃহ নির্মাণের লক্ষ্যমাত্রা যথাযথ ভাবে সম্পন্ন করতে রাজ্য সরকার জেলাগুলিকে কড়া নির্দেশ দিয়েছে। মুর্শিদাবাদ, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, বীরভূম, ঝাড়গ্রাম, পুরুলিয়া ও মালদার মতো জেলাগুলিতে গৃহ নির্মাণের কাজ ধীরগতিতে চলছে। সেরকম জেলা গুলিকে ৩১শে মার্চের মধ্যে নির্ধারিত কাজ শেষ করতে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দফতর নির্দেশ দিয়েছে। দফতরের সাম্প্রতিক মূল্যায়ন রিপোর্ট অনুযায়ী, ২৫শে ফেব্রুয়ারি পর্যন্ত রাজ্যের ২১ টি জেলায় ২ লক্ষ ৮০ হাজার ২১৫ টি বাড়ির নির্মাণকাজ শুরু হয়েছে। এরমধ্যে ৫০ হাজার ৪৪৩ টি বাড়ি লিন্টেল পর্যন্ত তৈরি হয়েছে। তবে বাড়ি তৈরির প্রথম কিস্তির টাকা পাওয়া ১২ লক্ষ উপভোক্তার মধ্যে ৩২ হাজার ৯৮০ জনের বাড়ির নির্মাণ এখনও শুরু হয়নি, যা মোট লক্ষ্যমাত্রার ১০.৫ শতাংশ । চলতি অর্থ বর্ষের মধ্যেই যাতে ১০০ শতাংশ উপভোক্তার বাড়ি তৈরির কাজ শুরু হয়ে যায় তা নিশ্চিত করতে জেলা প্রশাসনকে নির্দেশ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভুয়ো ভোটারদের চিহ্নিত করে তালিকা থেকে বাদ দেওয়ার ব্যাপারে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্দেশের পরই আজ সকালে কলকাতার চেতলায় বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা যাচাইয়ে অংশ নেন রাজ্যের পুর ও নগর উন্নয়নমন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম। তিনি বলেন, ভোটার তালিকায় স্বচ্ছতা বজায় রাখার জন্যেই এই স্ক্রুটিনি।

(বাইট – ফিরহাদ)

অন্যদিকে, বিধাননগরে পুর প্রতিনিধিদের নিয়ে ভুয়ো ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার ব্যাপারে বৈঠক করেছেন মন্ত্রী সুজিত বসু।

এদিকে, এদিকে কোচবিহারের মাথাভাঙ্গা শহরের একাধিক ভোটারের এপিক নাম্বারে দ্বিতীয় ভোটারের নাম উঠে আসার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে সকালে শহরের ১০ নম্বর ওয়ার্ডে ভোটার তালিকা যাচাইয়ের কাজ করতে গেলে দেখা যায় অন্তত ১৭ জন ভোটারের এপিক নাম্বারে অন্য ভোটারের নাম আসছে। এরা সবাই উত্তর প্রদেশের বাসিন্দা। মাথাভাঙ্গা ২ নম্বর ব্লকেও এই ধরনের একাধিক গরমিল নজরে এসেছে।

কোচবিহারের দিনহাটা পৌর এলাকার ১৫ নম্বর ওয়ার্ডে আজ বাড়ি বাড়ি পৌঁছে ভোটার কার্ড স্ক্রুটিনি করেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ।

০০০০০০০০০০০০০০০০০০০

ভুতুড়ে ভোটার ঢোকানোতে তৃণমূল কংগ্রেস দক্ষ বলে কটাক্ষ করেছেন বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায়। এ বিষয়ে তৃনমুল কংগ্রেস ১৫ বছরে সিপিএমকেও অতিক্রম করে গেছে বলে মন্তব্য করেছেন তিনি।

(বাইট – লকেট)

ভুয়ো ভোটার তৈরিতে পারদর্শী রাজ্য সরকার পারদর্শী বলে বরিষ্ঠ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন। ভোটার তালিকা স্ক্রুটিনির জন্য দলীয় কর্মীদের তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী পরামর্শ দিয়েছেন। এসংক্রান্ত এক প্রশ্নের জবাবে অধীর বাবু বলেন, শাসক দল নিজেরাই কারচুপিতে লিপ্ত।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য কংগ্রেসের সদর দফতর বিধানভবনে আজ প্রদেশ কংগ্রেসের বিশেষ রাজনৈতিক কর্মশালার সূচনা হয়েছে। দলের সদস্য বৃদ্ধি, বর্তমান

পরিস্থিতিতে রাজনৈতিক অবস্থান–সহ নানা বিষয়ে আলোচনা হয়েছে বলে জানা গেছে। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, গোলাম আহমেদ মীর, ইশা খান চৌধুরী, অধীররঞ্জন চৌধুরী, প্রদীপ ভট্টাচার্য–সহ শীর্ষ নেতৃত্বরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এনফোর্সমেন্ট ডাইরেক্টরেট ইডি রোজভ্যালি চিটফান্ড মামলায় পাঁচ দফায় পশ্চিমবঙ্গ, ওড়িশা, আসাম সহ একাধিক রাজ্যে মোট ২১ কোটি ৯৮ লক্ষ ২৬ হাজার ৭৪৪ টাকা আমানতকারীদের ফেরত দিয়েছে। কলকাতাস্থিত অ্যাসেট ডিসপোজাল কমিটি ADC অবসরপ্রাপ্ত বিচারপতি দিলীপ কুমার শেঠের পৌরোহিত্যে এই টাকা ফেরত দিয়েছে বলে ইডি গতকাল এক বিবৃতিতে জানায়। কমিটিতে ইডি-র আধিকারিকরাও রয়েছেন বলে খবর। বিবৃতিতে  জানানো হয়েছে এপর্যন্ত পশ্চিমবঙ্গ, ওড়িশা, আসাম এবং ত্রিপুরায় ইডি ৪-শো ৯৪ কোটি টাকার অস্থাবর এবং ১ হাজার ৬৯ কোটি টাকার স্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত করেছে। এর মধ্যে পশ্চিমবঙ্গেই ১ হাজার ১-শো ৮৪ কোটি টাকা বাজেয়াপ্ত হয়েছে।

রোজভ্যালী গ্রুপ টিচফান্ড মামলায় বিনিয়োগকারীদের অর্থ ফেরত দেওয়ার এই প্রক্রিয়া আগামী মাসগুলিতে চলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগমের নেতৃত্বে একটি প্রতিনিধি দল আজ বর্ধমানের বিভিন্ন হাসপাতাল পরিদর্শন করেছেন। রাজ্যস্তরের একটি পর্যালোচনা বৈঠকেও তিনি যোগ দেন। বর্ধমান মেডিকেল কলেজে ক্যান্সার হাসপাতালের প্রয়োজনীয় সরঞ্জাম নিয়েও আলোচনা হয়েছে। পাশাপাশি বিভিন্ন হাসপাতালে চিকিৎসক না থাকার সমস্যারও দ্রুত সমাধানের আশ্বাস দিয়েছেন স্বাস্থ্য সচিব।

oooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের **১৯০**-তম জন্মতিথি উদযাপিত হচ্ছে। এই উপলক্ষ্যে বেলুড় মঠের মূল মন্দিরে ভোর সাড়ে চারটেয় শুরু হয় মঙ্গল আরতি। বৈদিক মন্ত্র পাঠ এবং স্তবগানের মধ্য দিয়ে বিশেষ পূজা ও হোমযজ্ঞ চলছে। সন্ধ্যায় আরতির মধ্য দিয়ে উৎসবের সমাপ্তি হবে।

এদিকে, শ্রীরামকৃষ্ণের জন্মস্থান হুগলির কামার পুকুরে রামকৃষ্ণ মঠে নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেখানেও বহু ভক্ত সমাগম সকাল থেকেই। জয়রামবাটী মাতৃ মন্দিরসহ রামকৃষ্ণ মঠ মিশনের অন্যান্য শাখা কেন্দ্রে ও বিভিন্ন সংঘে চলছে পুজোপাঠ।

হাওড়ার আমতার কাছে খড়িয়প গ্রামে শ্রীরামকৃষ্ণ প্রেমবিহার আশ্রমে শ্রীরামকৃষ্ণ উপাসনালয়ের দ্বারোদ্ঘাটন হল আজ সকালে। প্রারম্ভিক মাঙ্গলিক অনুষ্ঠানের পরে দ্বার উন্মোচন করেন আশ্রমের আচার্য শ্রীমৎ স্বামী সম্বুদ্ধানন্দ। আনুষ্ঠানিক ভাবে সর্বসাধারণের জন্য আজই মন্দিরের দরজা খুলে দেওয়া হয়েছে। এর পরেই মন্দিরে শ্রীরামকৃষ্ণের পুজো করে প্রাণপ্রতিষ্ঠা করা হয়। আরতি সুসম্পন্ন হয়। এদিন প্রেমবিহারে হাজার দশেক মানুষের সমাগম হয়। স্বামী বিবেকানন্দের বড়দিদি হারামণির শ্বশুরবাড়ি বসু পরিবারের জমিতে **১৯৯৫** সালে গড়ে ওঠে শ্রীরামকৃষ্ণ প্রেমবিহার।

oooooooooooooooooooo

আগামীকাল থেকে শুরু হতে চলেছে পবিত্র রমজান মাস। নাখোদা মসজিদের পক্ষ থেকে গতকাল এক বিবৃতিতে জানানো হয়, মুবারক মাসের চাঁদ দেখা না দেওয়ায় আগামীকাল দোসরা মার্চ থেকে রমজান মাস পালন করা হবে। এই উপলক্ষ্যে প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছে।

মুখ্যমন্ত্রী এক বার্তায় জানান, অন্যান্য বছরের মতো এবার'ও খাদ্য সরবরাহ দপ্তর বিশেষ প্যাকেজ দেবে। অন্ত্যোদয় অন্ন যোজনা এবং বিশেষ অগ্রাধিকার প্রাপ্তদের জন্য পরিবার পিছু এক কেজি করে চিনি, ছোলা ও ময়দা, ভর্তুকিযুক্ত মূল্যে দেওয়া হবে।

আগামীকাল থেকে ৩০শে মার্চ পর্যন্ত উপভোক্তারা এইসব দ্রব্য সমূহ রেশন ব্যবস্থার মাধ্যমে পাবেন।

oooooooooooooooooooooooo

আই এস এল ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট এবং মুম্বাই সিটি এফ সি-র মধ্যে খেলাটি আজ ২-২ গোলে শেষ হয়েছে। মুম্বাই ফুটবল আরেনায়, মোহনবাগানের পক্ষে জেমি ম্যাকলারেন এবং দ্বিমিত্রি পেত্রাতোষ গোল করেছেন।

oooooooooooooooooooooo